



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 পরিকল্পনা মন্ত্রণালয়
 বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
 প্রশাসন-১ অধিশাখা
 শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

এপিএ বাস্তবায়ন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী।

| | |
|--------|--|
| সভাপতি | : প্রদীপ রঞ্জন চক্রবর্তী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ |
| তারিখ | : ১৯ নভেম্বর ২০২০ |
| স্থান | : এ বিভাগের সম্মেলন কক্ষ |
| সময় | : সকাল-১০.৩০ ঘটিকা |

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, আইএমইডি'র এপিএ টিম লিডার হিসেবে অভিযান সচিব (প্রশাসন) দায়িত্বপ্রাপ্ত। তিনি গত ০২/১১/২০২০ খ্রিঃ তারিখে পিআরএল গমন করেছেন। এ প্রেক্ষিতে এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে এই বিশেষ সভা আহ্বান করা হয়েছে।

০২। সভাপতির অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ আরিফুর রহমান, উপসচিব জানান যে, সচিব মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ইন-হাউজ প্রশিক্ষণে এপিএ'কে বিশেষ গুরুত দিয়ে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এর মাধ্যমে এপিএ'র সাথে বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তাগণের সম্পৃক্ততা বৃদ্ধি পেয়েছে। প্রসঙ্গক্রমে তিনি উল্লেখ করেন যে, বিভিন্ন বাস্তব কারণে ২০১৯-২০২০ অর্থবছরে এপিএ বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়ে উঠেনি। এ প্রেক্ষাপটে চলতি অর্থবছরের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের জন্য শুরু থেকেই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৩। আলোচনায় অংশ নিয়ে সভাপতি জানান, চলতি অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের মধ্যে মোট ২২টি সূচক অন্তর্ভুক্ত আছে। তন্মধ্যে ১.১.১ (পরিবীক্ষণ প্রতিবেদন জারি), ১.১.৪ (অন-লাইন প্রকল্প মনিটরিং), ১.৮.১ (বিভাগীয় উন্নয়ন সম্বয় সভায় অংশগ্রহণ), ১.৭.১ (ডিডিও কনফারেন্স আয়োজন) ইত্যাদি সূচকে আইএমইডি কিছুটা পিছিয়ে আছে। এই সূচকগুলোতে এখন থেকে আরো বেশী করে উদ্যোগী হওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি আরো উল্লেখ করেন যে, তিনি গত ২২/১০/২০২০ তারিখে ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনারের উপস্থিতিতে সকল বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে উন্নয়ন সভা করেছেন এবং সকাল ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত সময়ে ময়মনসিংহ জেলার এবং সকাল ১০.০০টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত সময়ে নেতৃত্বে জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন করেছেন। নেতৃত্বে এবং ময়মনসিংহ জেলার প্রকল্প পরিদর্শন শেষে তিনি ২৯/১০/২০২০ তারিখে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ফলোআপ সভা করেছেন। পরবর্তীতে তিনি গত ১৫/১১/২০২০ হতে ১৬/১১/২০২০ তারিখ পর্যন্ত সময়ে মুল্লিগঞ্জ জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শন করেছেন এবং ১৬/১১/২০২০ তারিখে পরিদর্শনের ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে ফলোআপ সভা করেছেন। এ সব কার্যক্রম এপিএ'র অংশ বিধায় এসব কার্যক্রমের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে প্রমাণকসহ অবহিত করার জন্য তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেন।

অপর পঞ্চায় দ্রষ্টব্যঃ

০৪। সভাপতি আরো বলেন যে, গত অর্থবছরের এপিএ বাস্তবায়নের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে সকল কর্মকর্তাকে এপিএ বাস্তবায়নে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। তাহলে চলতি অর্থবছরের এপিএ বাস্তবায়নে উন্নতি ঘটানো সম্ভব হবে।

০৫। **বিস্তারিত আলোচনাতে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

- (ক) ইন-হাউজ ট্রেনিংএ এপিএ'কে কার্যকরভাবে অন্তর্ভুক্ত করে সকল কর্মকর্তাকে এপিএ বাস্তবায়নে সম্পূর্ণ করতে হবে;
- (খ) এপিএ মাসিক সভা নিয়মিত আয়োজন করে সেখানে বাস্তবায়ন সংক্রান্ত জটিলতা, চ্যালেঞ্জ চিহ্নিত করে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ জাতীয় সভায় সচিব-কে আমন্ত্রণ জানানো যেতে পারে।
- (গ) সচিব আইএমইডি কর্তৃক নেতৃত্বে, ময়মনসিংহ এবং মুন্সিগঞ্জ জেলার সফরের তথ্য, স্থির চিত্র, প্রতিবেদন ইত্যাদি বিষয় মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।
- (ঘ) যে সূচকগুলোতে অত্র বিভাগ লক্ষ্যমাত্রার তুলনায় পিছিয়ে আছে সে সূচকগুলোকে অধিকতর গুরুত্ব দিয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে।

০৬। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৪/১১/২০২০

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)

সচিব

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

নথি নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২২.২০, ৪৯ (ত্রি)

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমষ্টি ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা);
২. প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. যুগ্মসচিব, সমষ্টি ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. জনাব কাজী আনোয়ার হোসেন, পরিচালক (যুগ্মসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৯. জনাব মুহাম্মদ মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রামার, সমষ্টি ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১০. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমষ্টি ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১১. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

১০/১১/২০২০

(মোহাম্মদ আরফুর রহমান)

উপসচিব

ফোন:-৯১১৮২৭১